


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)  
www.sesip.gov.bd

স্মারক নং: মাউশি/সেসিপ/১-১৬৯/শৃঙ্খলা/২০১৫(অংশ)/৩ নং

তারিখ: ৩৪/০৫/২০১৮ খ্রিঃ।

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মদন, নেত্রকোণা এক পত্রে জানিয়েছেন আপনি দীর্ঘদিন যাবত কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ বিষয়ে আপনাকে বিগত ৩১.০১.২০১৮ এবং ০৫.০৩.২০১৮ তারিখে ০২(দুই) বার পত্র দেয়া হলে আপনি পত্র গ্রহণে অস্বীকৃতি জানান পরবর্তীতে ০৫/০৩/২০১৮ তারিখে আপনার দীর্ঘদিন যাবত কর্মস্থলে অনুপস্থিতির কারণ ব্যাখ্যাসহ কর্মস্থলে যোগদানের জন্য পত্র দেয়া হলে আপনি উক্ত পত্রের কোন প্রকার জবাব দেননি। আপনার এ ধরনের সরকারি কাজে অবহেলা, কর্তৃপক্ষের আদেশ অমান্য করা, বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করা অফিস শৃঙ্খলার পরিপন্থি। সুতরাং কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামি ৭(সাত) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য বলা হল।

  
(প্রফেসর ড. সামসুন নাহার)  
উপপরিচালক (প্রশাসন)  
ফোন: ৯৫৭৩৫৫৪  
e-mail: shamsunamin@yahoo.com

জনাব মো: মোকামে মাহমুদ শামীম  
উপজেলা একাডেমিক সুপারভাইজার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মদন, নেত্রকোণা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মদন, নেত্রকোণা।
- ২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)  
www.sesip.gov.bd

স্মারক নং: মাউশি/সেসিপ/১-১৬৯/শৃঙ্খলা/২০১৫(অংশ)/ ৩৯৮

তারিখ: ২৪/০৬/২০১৮ খ্রিঃ।

**বিষয়: কারণ দর্শানোর নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ এক পত্রে জানিয়েছেন যে, আপনি গত ১৪/০১/২০১৮ তারিখ থেকে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আরও জানা যায় যে, আপনি ইচ্ছেমত কর্মস্থলে আসেন ও ইচ্ছেমত কর্মস্থল ত্যাগ করেন। নিয়মিত কর্মস্থলে অনুপস্থিত থাকায় শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনসহ আপনার উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করছেন না। এ বিষয়ে আপনাকে একাধিকবার কারণ দর্শানো হলেও আপনি তার জবাব দেননি। আপনার উপস্থিতি ও জবাবদিহিতা নিশ্চিত করণের লক্ষ্যে হাজিরা খাতায় স্বাক্ষর এবং মুভমেন্ট রেজিস্টার ব্যবহার করার জন্য একাধিকবার মৌখিক ও লিখিতভাবে বলার পরও আপনি হাজিরা খাতায় স্বাক্ষর ও মুভমেন্ট রেজিস্টার ব্যবহার করছেন না। এছাড়া আপনি বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম ও জাতীয় দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানগুলোতেও অংশগ্রহণ করেন না। আপনার এ ধরনের সরকারি কাজে অবহেলা ও বিনা অনুমতিতে অনুপস্থিত থাকা ও কর্মস্থল ত্যাগ করা অফিস শৃঙ্খলার পরিপন্থী। সুতরাং কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ৭(সাত) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য বলা হল।

  
(প্রফেসর ড. শামসুন নাহার)

উপপরিচালক (প্রশাসন)

ফোন: ৯৫৭৩৫৫৪

e-mail: shamsunamin@yahoo.com

জনাব খোকন মিয়া

উপজেলা একাডেমিক সুপারভাইজার

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:**

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।

২। অফিস কপি।